



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd
১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

পত্র নং- ঢাবো/পনি/১৮৫


তারিখ : ২০.০৪.২০১৭

বিষয় : এইচএসসি ও ডিআইবিএস পরীক্ষা- ২০১৭ এর নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক এবং পরীক্ষকদের উপস্থিতি নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্র : পত্র নং- ঢাবো/পনি/১৭৯, তারিখ- ১০.০৪.২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি ও ডিআইবিএস পরীক্ষা- ২০১৭ এর ঢাকা শিক্ষা বোর্ড হতে নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের মধ্যে কেউ কেউ যৌক্তিক কারণ ব্যতীত অনুপস্থিত থাকছেন। পাবলিক পরীক্ষার মতো অতীব গুরুত্বপূর্ণ কাজে অনুপস্থিত থাকার জন্য পরীক্ষার ফলাফল প্রক্রিয়াকরণে জটিলতা সৃষ্টি হবে। পাবলিক পরীক্ষার ফলাফল যথাসময়ে এবং নির্বিঘ্নে প্রকাশ করার লক্ষে আপনার প্রতিষ্ঠান থেকে নিয়োগপ্রাপ্ত প্রধান পরীক্ষক এবং পরীক্ষকদের ঢাকা শিক্ষা বোর্ডে উপস্থিত হয়ে উত্তরপত্র গ্রহণের বিষয়টি নিশ্চিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি জনস্বার্থে অতীব গুরুত্বপূর্ণ।


২০.০৪.১৭
প্রফেসর মো: মাহাবুবুর রহমান
চেয়ারম্যান


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৯৬১৫২৩৫

অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

অনুলিপি:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৪. অফিস কপি


২০.০৪.১৭
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা